

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন -২ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-৮২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৪
০১ আগষ্ট ২০১৭

নিয়োগ আদেশ

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (মহিলা কোটা) এর স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর টাকা ৯,৩০০-২২,৪৯০/- টাকা বেতনক্রমে (গ্রেড ১৬) নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে শিক্ষানবীশ হিসাবে নিয়োগ করা হলো:

রোল নম্বর	নাম/পিতা/স্বামী/মাতার নাম	স্থায়ী ঠিকানা
৫৮	মোছা: খায়রুন নাহার পিতার নাম: মো: নুরুল খবির মাতার নাম: মোছা: খাদিজা ইয়াসমিন	গ্রাম: প্রামাণিক পাড়া পোস্ট: ধুমের কুঠি (পোস্ট কোড: ৫৪৪১) থানা: কাউনিয়া জেলা: রংপুর

শর্তাবলী:

- (ক) চাকুরীতে যোগদানের সময় শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।
- (খ) এই নিয়োগ চাকুরীতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং চাকুরীতে যোগদানের পর যথারীতি প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিল করতে পারবে।
- (গ) কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- (ঙ) এই চাকুরীতে যোগদানের জন্য তাকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (চ) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৪/০৮/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে।
- (ছ) উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


এ.বি.এম জাকির হোসাইন
অতিরিক্ত-সচিব


চলমান পাতা-২

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-৮২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৪
০১ আগষ্ট ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। জেলা প্রশাসক, রংপুর।
- ৩। সিভিল সার্জন ঢাকা/ রংপুর।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। আয়ন ব্যয়ন কর্মকর্তা, হিসার শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। মোছা: খায়রুন নাহার, রোল নং-৫৮ (গ্রাম: প্রামাণিক পাড়া, পোস্ট: ধুমের কুঠি (পোস্ট কোড: ৫৪৪১), থানা: কাউনিয়া, জেলা: রংপুর)
- ০৯। ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি।


০১/০৮/২০১৭
মো: আবুল বাশার
উপ-সচিব
☎-৮১৮১৩৪১
admin2@sid.gov.bd